# 132444 - নফল রোজা রেখে যার কষ্ট হচ্ছে তার জন্যে কি রোজা পূর্ণ করা উত্তম; নাকি রোজা ভেঙ্গে ফেলা

## প্রশ্ন

নফল রোজা রাখতে গিয়ে কষ্ট হলে রোজা পূর্ণ করা উত্তম; নাকি ভেঙ্গে ফেলা?

## প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

নফল রোজাপালনকারীর জন্যে রোজা পূর্ণ করা অথবা ভেঙ্গে ফেলা উভয় সুযোগ রয়েছে। তবে কষ্টকর না হলে রোজা পূর্ণ করাই উত্তম। আর কষ্টকর হলে শরিয়তের সহজতা গ্রহণ করে ভেঙ্গে ফেলা উত্তম।

আল্লাহই তাওফিকদাতা। আমাদের নবী মুহাম্মদ, তাঁর পরিবার-পরিজন ও সাহাবীবর্গের উপর আল্লাহর রহমত ও শান্তি বর্ষিত হোক।

ফতোয়া ও গবেষণা বিষয়ক স্থায়ী কমিটি

শাইখ আব্দুল আযিয বিন বায, শাইখ আব্দুল আযিয আলে শাইখ, শাইখ সালেহ আল-ফাওযান, শাইখ বকর আবু যায়েদ।